

স্মারক নং-ইবি/জার্নাল/আঅনু/ভলিউম-১৪, সংখ্যা-১ (জুন-২০২২) ও সংখ্যা-২ (ডিসেম্বর-২০২২) তারিখ: ১৩ জানুয়ারি ২০২২ইং

গবেষণামূলক প্রবন্ধ আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের গবেষণা জার্নাল “জার্নাল অব ইসলামিক ইউনিভার্সিটি” ভলিউম-১৪, সংখ্যা-১ (জুন-২০২২) ও সংখ্যা-২ (ডিসেম্বর-২০২২) প্রকাশের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, আইন গবেষক এবং আইন বিশেষজ্ঞবৃন্দের নিকট থেকে নিম্নোক্ত শর্তাবলীর আলোকে গবেষণামূলক প্রবন্ধ আহ্বান করা হচ্ছে। প্রবন্ধ আগামী ৩১ মার্চ ২০২২ইং তারিখের মধ্যে জমা নেওয়া হবে। প্রফেসর ড. মোছাঃ সৈয়দা সিদ্দীকা, সম্পাদক, জার্নাল সম্পাদনা বোর্ড (২০২২) আইন অনুষদ এবং ডীন, আইন অনুষদ, ইসলামী বিশ্ববিদ্যালয়-এর নিকট প্রবন্ধ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

১. প্রবন্ধ সর্বোচ্চ ১৫ পৃষ্ঠার মধ্যে (৪০০০ থেকে ৫০০০ শব্দ সম্বলিত) হতে হবে।
২. প্রবন্ধ বাংলা Sutonny MJ (Font Size 14) এবং ইংরেজি Times New Roman (Font Size 12)-এ, লাইন স্পেস ১.৫ ও মার্জিন জাস্টিফাইড হিসেবে A4 সাইজ সাদা কাগজের এক পৃষ্ঠায় লিখিত হতে হবে।
৩. লিখিত প্রবন্ধের ৩ সেট হার্ড কপি ও ১টি সফট কপি MS WORD RFT (Rich Text Formate) [sayeda.siddika1973@gmail.com](mailto:sayed.siddika1973@gmail.com) ঠিকানায় প্রেরণ করতে হবে। সফট কপিতে প্রবন্ধের লাইন স্পেস সিঙ্গেল থাকা বাঞ্ছনীয়।
৪. মার্জিন ও পৃষ্ঠা নম্বর: কাগজের উপরাংশের মার্জিন ১.২ ইঞ্চি, নিচে ১ ইঞ্চি, বামে ১.৪ ইঞ্চি ও ডানে ০.৯ ইঞ্চি থাকতে হবে। প্রতি অনুচ্ছেদের শুরুতে ১/২ ইঞ্চি ছাড় হবে এবং কোটেশন বা উদ্ধৃতির ক্ষেত্রে ১ ইঞ্চি (উভয়পাশে) ছাড় দিতে হবে। কাগজের ডান কোণায় পৃষ্ঠা নম্বর দিতে হবে।
৫. হেডিং এবং টাইটেল: প্রবন্ধের হেডিং এবং টাইটেল ১৮ ফন্টে এবং সাবহেডিং ১৪ ফন্টে লিখিত হতে হবে। টাইটেলের নিচে কোনো আন্ডারলাইন দেওয়া যাবে না এবং টাইটলে উদ্ধৃতিচিহ্ন ব্যবহার করা যাবে না।
৬. প্রবন্ধের শুরুতে (১০০ থেকে ২০০ শব্দের মধ্যে) সারসংক্ষেপ (Abstract) লিখিত থাকতে হবে। সারসংক্ষেপ কাগজের উভয় পাশে ১ ইঞ্চি ছাড় রেখে লিখিত হতে হবে।
৭. কোন সারণী বা উদ্ধৃতি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুচ্ছেদের নিচে সিঙ্গেল স্পেস রেখে তা প্রদান করতে হবে।
৮. তথ্য সংযুক্তি:
ক. প্রবন্ধে তথ্য সংযুক্তির ক্ষেত্রে পর্যায়ক্রমে লেখকের নাম, প্রকাশনার বছর, প্রবন্ধের টাইটেল, জার্নাল বা গ্রন্থের নাম (ইটালিক সাইজড), ভলিউম নম্বর, খন্ড নম্বর, মাস এবং পৃষ্ঠা নম্বর সুস্পষ্টভাবে সংযুক্ত করতে হবে।
খ. ইন্টারনেট থেকে তথ্য সংযুক্তির ক্ষেত্রে ওয়েবসাইটের ঠিকানা ও সংশ্লিষ্ট তথ্যাদি উল্লেখ করতে হবে এবং সংবাদপত্রের ক্ষেত্রে পর্যায়ক্রমে পত্রিকার নাম, মাস, তারিখ, সন ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।
৯. প্রবন্ধের লেখক সর্বোচ্চ ২ (দুই) জন হতে পারবেন। সেক্ষেত্রে পৃথক কাগজে প্রত্যেক লেখকের নাম, পদবী উল্লেখপূর্বক স্বাক্ষরসহ একটি প্রত্যয়নপত্র উক্ত লেখার সঙ্গে তাঁদের সংশ্লিষ্টতার নিশ্চয়তাস্বরূপ জমা দিতে হবে।
১০. প্রবন্ধ এম.ফিল অথবা পিএইচডি থিসিসের অংশ হতে পারবে না এবং অন্য কোথাও প্রকাশিত হয়ে থাকলে তা জমা দেওয়া যাবে না।
১১. প্রবন্ধের তিন সেট হার্ডকপি ও ১ কপি সিডিসহ প্রফেসর ড. মোছাঃ সৈয়দা সিদ্দীকা, সম্পাদক, জার্নাল সম্পাদনা বোর্ড (২০২২) আইন অনুষদ এবং ডীন, আইন অনুষদ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ঠিকানায় ৩১ মার্চ ২০২২ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। জমাকৃত লেখা ফেরত দেওয়া হবে না।
১২. জার্নাল প্রকাশিত হলে লেখক/লেখকগণ এক কপি জার্নাল সৌজন্য হিসেবে পাবেন।
১৩. প্রবন্ধের বিষয় হতে হবে আইন সম্পর্কিত (Law Related)।
১৪. জার্নালে প্রবন্ধ প্রকাশের বিষয়ে সম্পাদনা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



13.02.2022

(প্রফেসর ড. মোছাঃ সৈয়দা সিদ্দীকা)

সম্পাদক

জার্নাল সম্পাদনা বোর্ড (২০২২)

আইন অনুষদ

ও

ডীন

আইন অনুষদ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

মোবাইলঃ ০১৭১১৪৫১১২৭

ই-মেইল [sayeda.siddika1973@gmail.com](mailto:sayed.siddika1973@gmail.com)